

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৬.০০২.১৮.৬৪

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০

১০ মার্চ ২০২৪

বিষয়: ফেব্রুয়ারি ২০২৪-এর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে গৃহীত প্রস্তাব বাস্তবায়ন।

বিভাগীয় কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ফেব্রুয়ারি ২০২৪-এর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নোক্ত প্রস্তাবটি মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়:

ভৌগলিক কারণে রংপুর বিভাগের গাইবান্ধা, কুড়িগ্রাম ও রংপুর জেলার চরাঞ্চল এবং নদী তীরবর্তী এলাকার দরিদ্র পরিবারসমূহ প্রায়শ ভাঙনের কবলে পড়ে বাস্তুচ্যুত হচ্ছে। এসব পরিবারের নারীদের নানাবিধ সামাজিক ও অর্থনৈতিক ঝুঁকির সম্মুখীন হতে হয়। হতদরিদ্র এ পরিবারগুলোতে বাল্যবিবাহের হারও তুলনামূলকভাবে বেশি। বাল্যবিবাহের শিকার নারীরা সচরাচর পারিবারিক ভাঙন ও নির্যাতনের শিকার হয়ে থাকেন। এসব নারীদের সেবা প্রদানের লক্ষ্যে রংপুর মেট্রোপলিটন পুলিশের একটি ভিকটিম সাপোর্ট সেন্টার এবং রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে একটি ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার রয়েছে। এ দু'টি সেন্টারে আগত ও সেবা গ্রহণকারী নারীদের প্রায়শ সেফ হোমে রাখার প্রয়োজনীয়তা দেখা দেয়। কিন্তু ঢাকা (ফরিদপুরে স্থাপিত), চট্টগ্রাম, খুলনা (বাগেরহাটে স্থাপিত), রাজশাহী, বরিশাল ও সিলেট বিভাগে একটি করে সেফ হোম থাকলেও রংপুর বিভাগে এখনও কোন সেফ হোম স্থাপিত হয়নি। ফলে জরুরি প্রয়োজনে এখানকার আশ্রয়প্রার্থী নারী ভিকটিমদের সুদূর রাজশাহীতে অবস্থিত সেফ হোমে প্রেরণ করতে হয়। এতে একদিকে ভ্রমণের জন্য দীর্ঘ সময় ও অর্থ ব্যয় হয়, অপরদিকে নিরাপত্তা ঝুঁকির আশঙ্কাও বৃদ্ধি পায়। বর্ণিত প্রেক্ষাপটে, রংপুর বিভাগে একটি সেফ হোম প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। এমতাবস্থায়, রংপুর অঞ্চলের অসহায় ও নির্যাতিতা নারীদের নিরাপদ আবাসন ও আইনী সেবা প্রদানের সুযোগ নিশ্চিতকরণের লক্ষ্যে রংপুর বিভাগে একটি সেফ হোম স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়কে সদয় নির্দেশনা প্রদান করা যেতে পারে।

০২। উক্ত প্রস্তাবটি মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেন।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত প্রস্তাবের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-৩-২০২৪

মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৫৫৪৪৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: dfal_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৬.০০২.১৮.৬৪/১(৮)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০
১০ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) বিভাগীয় কমিশনার (সকল)



১০-৩-২০২৪

মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া
যুগ্মসচিব